

গত ৩ বছরে ভিজিডি কার্যক্রমের মাধ্যমে ৬১৬৬ জন দরিদ্র মহিলাকে খাদ্য সহায়তা এবং উন্নয়ন প্যাকেজ সেবার মাধ্যমে আয়বর্ধক ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মতৃত্বকালীন/মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ৯২৭ জনকে সহায়তা প্রদান করা হয়েছে। আয়বর্ধক ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৪৫০ জন নারীকে। ৫৭ জন নারীকে ৮,৫৫,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। দুঃস্থ অসহায় মহিলাদের মধ্যে ১৫ টি সেলাই মেশিন প্রদান করা হয়েছে। 'জয়িতা' অশ্বেষণে বাংলাদেশ কার্যক্রমের মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারীরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্য থেকে উপজেলায় ৫ টি ক্যাটাগরিতে ১০ জন নারীকে জয়িতা নির্বাচন ও পুরুষ্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার উদ্বুদ্ধ করা হয়েছে। কিশোর কিশোরীদের সচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে প্রায় ৪৫০ জনকে সচেতন করা হয়েছে। শিশু বিবাহ/বাল্যবিবাহ, নারী নির্যাতন, নারী ও শিশু পাচার, আইনী সহায়তা এবং বিবিধ বিষয়ে সভা, উঠান বৈঠক, নাটক, গণস্বাক্ষর গ্রহণ, বিতর্ক প্রতিযোগিতা, মাইকিং এর মাধ্যমে ৬৪১৫ জনকে সচেতন করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়া জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস পালন করা হচ্ছে।